



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ  
খাগড়াছড়ি পার্বত্য জেলা  
www.khdc.gov.bd

স্মারক নং: ২৯.২৩৬.৪৬০০.৩৩.৬৬.০২৬.২০২৪-২৬৬০

তারিখঃ-১৭/১২/২০২৪খ্রি.

**-ঃ বার্ষিক ভিত্তিতে ভেঙের নির্বাচন ও ক্রয় বিজ্ঞপ্তি ঃ-**

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এবং ILO কর্তৃক বাস্তবায়নাধীন ProGRESS প্রকল্পের আওতায় নির্ধারিত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে পণ্য/উপকরণসমূহ/সেবা-ক্রয়ের লক্ষ্যে বার্ষিক ভিত্তিতে ভেঙের নির্বাচনের জন্য লট ভিত্তিক সেবাদানকারী/ঠিকাদারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে স্থানীয় দরপত্র/কোটেশন আহবান করা যাচ্ছে। সংশ্লিষ্ট আত্মহী সেবাদানকারী/ঠিকাদারী/সরবরাহকারী প্রতিষ্ঠানকে লট ভিত্তিক দরপত্র/কোটেশন দাখিলের জন্য অনুরোধ করা হলো। লট/সেকশনের বিভাজন, শর্তাবলী এবং মূল্য তালিকা/কোটেশন দাখিলের ফরমেট নিম্নরূপঃ-

**লট/সেকশন:**

- ১নং লট: খাবার আইটেম (নাস্তা, খাবার), ২ নং লট: স্টেশনারি সামগ্রী;
- ৩নং লট: পিভিসি ব্যানার প্রিন্টিং, ৪নং লট: রেন্ট এ কার সেবা/ভাড়া।

**শর্তাবলী:**

ক। মূল্য তালিকা/ কোটেশন দাখিলকারী প্রতিষ্ঠানের নিজ নামীয় প্যাডের উপর লট/সেকশনের ক্রমিক ও নাম উল্লেখপূর্বক সংযুক্ত পণ্যের বিবরণ অনুযায়ী দর জমা দিতে হবে;

খ। প্রদত্ত দরে ভ্যাটসহ সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে;

গ। মূল্য তালিকা/ কোটেশনের সাথে দরদাতা প্রতিষ্ঠানের- ১) হাল নাগাদ ট্রেড লাইসেন্স, ২) দরদাতা প্রতিষ্ঠানের নামীয় ব্যাংক হিসাব নম্বর, ৩) আয়কর রিটার্ন দাখিলের প্রমাণক কপি, এবং ৪) ভ্যাট সনদ সংযুক্ত করতে হবে;

ঘ। পরিষদের বার্ষিক ভিত্তিতে ভেঙের নির্বাচন কমিটি দাখিলকৃত দর এবং অন্যান্য কাজগপত্র যাচাই করে নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে পণ্যের নাম ও দর নির্দিষ্ট করে সংশ্লিষ্ট সেবাদানকারী/ঠিকাদারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে পরিষদের মধ্যে একটি চুক্তি (ফ্রেমওয়ার্ক এগ্রিমেন্ট) সম্পাদন করা হবে;

ঙ। চুক্তিপত্রে উল্লেখিত দর মোতাবেক পরিষদ তার প্রয়োজন অনুযায়ী পরবর্তীতে (চুক্তিপত্রে উল্লেখিত সময় পর্যন্ত) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট থেকে নির্ধারিত সার্ভিস বা পণ্যসমূহ ক্রয় করবেন;

চ। সেবা বা পণ্য ক্রয়ের প্রেক্ষিতে বিল প্রদানের ক্ষেত্রে মোট বিল হতে সরকারি বিধি অনুযায়ী ভ্যাট (ভ্যাটসহ দর/ কোটেশন দাখিল করা হলে ভ্যাট কর্তন করা হবে) ও উৎসে আয়কর কর্তন করা হবে। সুতরাং, মূল্য প্রদানের সময় ভ্যাট ও আয়কর ব্যয় বিবেচনায় এনে দর দাখিল করতে হবে;


ছ। পরবর্তীতে কার্যাদেশ অনুযায়ী পণ্য সরবরাহের ক্ষেত্রে কার্যাদেশের শর্তাবলী পালন করতে হবে;

জ। পণ্য/সেবা ক্রয়ের প্রেক্ষিতে মূল্য পরিশোধের ক্ষেত্রে একাউন্ট-পেই চেকের মাধ্যমে প্রদেয় মূল্য পরিশোধ করা হবে;

ঝ। সেবা প্রদানের কাজে কোন শিশুকে (১৮ বছরের কম বয়সী) নিয়োজিত করা যাবে না;

ঞ। পরিষদের ক্রয় কমিটি/ভেঙের নির্বাচন কমিটি কর্তৃপক্ষ ক্রয় সংক্রান্ত বিষয়ে যে কোন ধরণের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন;

২। উল্লিখিত কাজের দরপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মাননীয় চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ বরাবরে আগামী ২৬ ডিসেম্বর, ২০২৪খ্রি. তারিখ দুপুর ১২ ঘটিকার মধ্যে জমা প্রদান করতে হবে। প্রাপ্ত দরপত্রসমূহ একই দিন বিকাল ৩:০০ ঘটিকায় উপস্থিত সেবাদানকারী/ঠিকাদারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের সম্মুখে খোলা হবে এবং সর্বনিম্ন দরদাতার দর গ্রহণ করা হবে। কর্তৃপক্ষ দাখিলকৃত যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

  
মুখ্য নির্বাহী কর্মকর্তা

পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

০২৩৩৩৩-৪৩৯৮৩১।

Email: ceokhdc@gmail.com

**অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)**

- ১। নির্বাহী কর্মকর্তা, এ পরিষদ, খাগড়াছড়ি।
- ২। .....কর্মকর্তা, এ পরিষদ, খাগড়াছড়ি।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের সদয় জ্ঞাতার্থে তাঁর একান্ত সহকারী, এ পরিষদ, খাগড়াছড়ি
- ৪। সম্পাদক/প্রতিনিধি.....খাগড়াছড়ি- আগামী ০৩ দিনের মধ্যে বিজ্ঞপ্তিটি পত্রিকায় একটি সংখ্যায় ছাপিয়ে যথারীতি বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। মেসার্স.....খাগড়াছড়ি।
- ৬। অফিস কপি।